দৈনিক বাংলা

তারিখ 27 NOV 1991
পৃষ্ঠা ৮ কলাম ৬

৪৩

# ভার্সিটি হলগুলিতে অস্ত্রধারীদের আনাগোনা বেড়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবদমান দুই ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা আরও বেড়েছে। দুই সংগঠনের সশস্ত্র কর্মীরাই গতকাল দুপুরে কলাভবন এলাকায় মহড়া দেয়। তবে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

গত কয়েকদিনে বিশ্ববিদ্যালয়ের হলে হলে বহিরাগত অস্ত্রধারীদের আনা-গোনা বৃদ্ধি পেয়েছে। এদিকে পুলিশ প্রহরায়

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি হলগুলিতে

(প্রথম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ যথানিয়মে অনুষ্ঠিত হচ্ছে। তবে শিক্ষকদের ধর্মঘটের জন্য ক্লাশ হচ্ছে না। ক্যাম্পাসে সন্ত্রাস দমনের দাবীতে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা গত ২ নবেম্বর থেকে ধর্মঘটে রয়েছেন।